

## COMPARATIVE EDUCATION

UNIT: 01

PRESENTED BY

RUNA LAYLA

ASSISTANT PROFESSOR IN EDUCATION

KABI JOYDEB MAHAVIDYALAYA, ILLAMBAZAR, BIRBHUM.

### **The Purpose/ Objectives of Comparative Education**

তুলনামূলক শিক্ষা একটি ইন্টারডিসিপ্লিনারি কোর্স, এটি বিভিন্ন বিষয় এর ধারণা একত্রিত হয়ে গড়ে উঠেছে শিক্ষা প্রতিষ্ঠানে অন্যান্য যে সমস্ত বিষয় পড়ানো হয় তুলনামূলক শিক্ষা তেমনি একটা বিষয়, অন্য সমস্ত বিষয়ের মত এরও কিছু লক্ষ্য ও উদ্দেশ্য রয়েছে। Hans (1992) এর মতে, তুলনামূলক শিক্ষার উদ্দেশ্য হলঃ

তুলনামূলক শিক্ষার মূল উদ্দেশ্য হল শিক্ষার বিভিন্ন উপাদান গুলিকে ঐতিহাসিক দিক থেকে বিশ্লেষণ করা, তুলনামূলক আলোচনা করে সমস্যার সমাধান করা।

সাদৃশ্য মূলক দেশগুলোর শিক্ষা ব্যবস্থা সম্পর্কে শিক্ষার্থীদের অবগত/ সজাগ করানো। তারা যাতে নিজের দেশের শিক্ষা ব্যবস্থা কে বুঝতে পারে এবং একবিংশ শতকের, বিশ্বায়নের নাগরিক হিসেবে অন্যদের সাথে মানিয়ে চলার জন্য, নিজেদের ভবিষ্যৎ এর জন্য যে, যে পরিবর্তন করা প্রয়োজন সে গুলি সম্পর্কে ধারণালাভ করতে পারে।

তুলনামূলক শিক্ষার উদ্দেশ্য হচ্ছে পরিবর্তন এবং স্থানীয় অবস্থার চাহিদা অনুযায়ী জাতীয় শিক্ষা ব্যবস্থাকে সংস্কার করা।

১) একটি দেশের শিক্ষা প্রতিষ্ঠান গুলোর প্রকৃতির পাশাপাশি শিক্ষামূলক অনুশীলন (Educational Practices) সম্পর্কে জানা এবং নিজের দেশের শিক্ষা অনুশীলন কে উন্নত করতে সহায়তা করা।

২) বিভিন্ন শিক্ষাগত পরিবর্তনের জন্য উপাদান দায়ী/ প্রভাব ফেলে তাদের বোঝার ক্ষেত্রে সহায়তা করা ।

(৩) ছাত্র ও শিক্ষকদের এই বিভিন্ন দেশের শিক্ষা পদ্ধতি সম্পর্কে অবগত করা, যার মাধ্যমে নিজেদের শিক্ষাব্যবস্থায়, পদ্ধতিতে পরিবর্তন ঘটানো ।

(৪) শুধুমাত্র শিক্ষা উন্নয়নে নয়, সমাজের সাধারণ/ সামগ্রিক উন্নয়নে অবদান রাখা ।

(৫) একাডেমিক/ শিক্ষাগত অনুশাসন/ শৃঙ্খলা কেমন হওয়া উচিত তাতে সহায়তা করা ।

(৬) একজনের( শিক্ষক/ শিক্ষার্থী) শিক্ষাগত সমস্যা সমাধানে সহায়তা করা ।

(৭) অন্য দেশের শিক্ষাগত দর্শন, তত্ত্ব ও অনুশীলন গুলির প্রতি নজর রাখা , যাতে যুগের সাথে তাল মিলিয়ে চলা যায় ।

(৮) বিভিন্ন দেশের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে নির্ভরযোগ্য তথ্য সংগ্রহ করার ক্ষেত্রে ভিন্ন ভিন্ন/ আলাদা আলাদা বিভাগের ছাত্র ও শিক্ষক উভয়কেই সহায়তা করা ।

(৯) বিভিন্ন দেশের মধ্যে পারস্পরিক আন্তর্জাতিক সম্পর্কের প্রচারে সহায়তা করা ।

(১০) একটি দেশের শিক্ষাব্যবস্থা প্রণয়নে, উন্নয়নে, সংস্কারে অবদান রাখা ।

### **Scope of Comparative Education:**

তুলনামূলক শিক্ষার পরিধির পাঁচটি দৃষ্টিভঙ্গি রয়েছে । এগুলি হল;

### **The subject matter and content:**

এর মধ্য শিক্ষা ব্যবস্থার অপরিহার্য উপাদান গুলি অন্তর্ভুক্ত। যেমন শিক্ষা ব্যবস্থার গঠন, লক্ষ্য, বিষয়বস্তু বা পাঠ্যক্রম, প্রশাসন, অর্থায়ন, শিক্ষক, শিক্ষা ইত্যাদি।

### **Geographical units of study:**

এর মধ্য পড়ে অন্তর্জাতীয়, আন্তর্জাতিক, আঞ্চলিক, মহাদেশীয় এবং বৈশ্বিক বা বিশ্ব সিস্টেমের অধ্যয়ন এবং বিশ্লেষণ।

### **Ideological scope:**

এখানে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক মতাদর্শের ভিত্তিতে বিভিন্ন দেশের শিক্ষাব্যবস্থার তুলনা করা হয়। যেমন, গণতান্ত্রিক, সাম্যবাদ, সমাজতান্ত্রিক, পুঁজিবাদী, মুক্তবাজার ও মিশ্র অর্থনীতি।

### **Thematic scope:**

এখানে বিভিন্ন দেশের শিক্ষাগত ধারণা, সাময়িক বিষয় বা সমস্যার উপর আলোকপাত করা হয় এবং এক বা একাধিক ভৌগোলিক এককের মধ্যে তাদের তুলনা করা হয়। যেমন বিনামূল্যে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা, সার্বজনীন প্রাথমিক শিক্ষা, সবার জন্য শিক্ষা এবং সার্বজনীন উচ্চশিক্ষা ইত্যাদি।

### **The historical or spatial scope:**

কিভাবে, কোন কোন পর্বের মধ্য দিয়ে এই বিষয়টি ঐতিহাসিক ভাবে বিকশিত হয়েছে তার বিবরণ দেওয়া হয়। (প্রাক-ঐতিহাসিক) ভ্রমণপিপাসুদের কাহিনীর মাধ্যমে অন্য দেশের শিক্ষা ব্যবস্থা সর্পকে জানতে পারতো, যা আজ/ আধুনিক যুগে সামাজিক বিজ্ঞান দৃষ্টিভঙ্গির প্রেক্ষিতে দেখা হয়।